দশ রিক্রুটিং এজেন্সিকে ৭৫০ কোটি টাকা দিয়েও অনিশ্চিত ২৫০০০ কর্মী

মালয়েশিয়ায় কাজের অনুমতিপ্রাপ্তদের দেশটিতে প্রবেশের শেষ সময় ছিল ৩০ নভেম্বর। বেঁধে দেয়া এ সময় শেষ হলেও জিটুজি প্লাস পদ্ধতিতে ২৫ হাজার কর্মীকে পাঠাতে পারেনি ১০ রিক্রুটিং এজেন্সি। এ নিয়ে অনিশ্চয়তায় আছেন এসব বিদেশ গমনেচ্ছু। যদিও তাদের কাছ থেকে ১০ রিক্রুটিং এজেন্সি সংগ্রহ করেছে ৭৫০ কোটি টাকার বেশি।সংশ্লিষ্টরা বলছেন, ৩০ নভেম্বরের মধ্যে শ্রমিক পাঠাতে না পারলে চাহিদাপত্র বাতিল হওয়ার কথা উঠেছে। এটি হলে অপেক্ষমাণ শ্রমিক, ঢাকার রিক্রুটিং এজেন্সি ও মধ্যস্বত্বভোগীসহ অনেকেই বিপাকে পড়বেন। http://bonikbarta.net

ইফাদের রাইট তহবিল ব্যবহার পরিকল্পনায় পরিবর্তন

রাইট শেয়ারের মাধ্যমে সংগৃহীত অর্থ ব্যবহারের পরিকল্পনায় পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে ইফাদ অটোস লিমিটেডের পরিচালনা পর্ষদ। এজন্য নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদন প্রয়োজন হবে তাদের। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে।নতুন পরিকল্পনা অনুসারে, কোম্পানিটি গাজীপুরে ৬ কোটি ৯৫ লাখ ৮০ হাজার টাকা দিয়ে আরো ৮২০ ডেসিমেল এবং ধামরাইয়ে আরো ১ হাজার ৫০ ডেসিমেল জমি কিনবে। পাশাপাশি বিদ্যমান গাড়ি সংযোজন ইউনিটও আরো সম্প্রসারণ করা হবে। http://bonikbarta.net

খুলনা প্রিন্টিংয়ের কারখানা চালু

দীর্ঘদিন উৎপাদন বন্ধ থাকার পর খুলনা পেপার অ্যান্ড প্রিন্টিং লিমিটেডের (কেপিপিএল) কারখানায় আবার উৎপাদন কার্যক্রম চালু হয়েছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে। এর আগে গত ২৩ জুলাই কোম্পানিটি ডিএসইকে জানায়, কোম্পানিটিকে উৎপাদন শুরুর জন্য নিয়ন্ত্রক সংস্থা সব ধরনের কাঁচামাল সরবরাহের অনুমতি দিয়েছে। শিগগিরই তারা উৎপাদনে যাবে।উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সঙ্গে খুলনা প্রিন্টিংয়ের দ্বন্দ্বের অবসান হয়েছে। এনবিআরের বিরুদ্ধে কোম্পানির দায়ের করা মামলা প্রত্যাহার ও ভবিষ্যতে নিয়ম পরিপালনের শর্তে কেপিপিএলের গুদাম, বন্ড লাইসেন্স ও বিজনেস আইডেন্টিফিকেশন নাম্বার (বি আইএন) খুলে দিয়েছে রাজস্ব সংস্থাটি। সব বাধা দূর হওয়ায় প্রায় দুই বছরেরও বেশি সময়ের বিরতিতে তাদের কারখানায় আবার পুরোদমে উৎপাদন শুরু হয়।http://bonikbarta.net

বিদেশী কোম্পানির মূলধন ইস্যুর প্রক্রিয়া সহজ হলো

বিধিমোতাবেক ১০ কোটি টাকার উপরে যেকোনো অংকের পরিশোধিত মূলধন ইস্যুর জন্য বাংলাদেশে নিবন্ধিত সব কোম্পানিকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদন নিতে হয়। শতভাগ বিদেশী মালিকানাধীন কোম্পানিগুলোর জন্য এ নিয়ম শিথিল করেছে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা।গত ২৮ নভেম্বর জারি হওয়া এক প্রজ্ঞাপনে বিএসইসি জানায়, শতভাগ বিদেশী মালিকানাধীন কোম্পানিগুলো তাদের পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা পর্যন্ত উন্নীত করতে বিএসইসির

অনুমোদন গ্রহণের প্রক্রিয়া থেকে অব্যাহতি পাবে। তবে এজন্য তাদের অবশ্যই বিদেশ থেকে আদায়কৃত মূলধনের এনক্যাশমেন্ট সার্টিফিকেট ও নির্ধারিত ফি কমিশনে জমা দিতে হবে।বিএসইসির মুখপাত্র ও নির্বাহী পরিচালক মো. সাইফুর রহমান বণিক বার্তাকে বলেন, দেশে বিদেশী বিনিয়োগ উৎসাহিত করতে বিএসইসি বিভিন্ন বিষয়ে ছাড় দিচ্ছে। এখন একটি কোম্পানির শতভাগ শেয়ার যদি বিদেশীরা ধারণ করেন, তাহলে সে কোম্পানির পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা পর্যন্ত করতে শুধু ফি আর এনক্যাশমেন্ট সার্টিফিকেট জমা দিলেই চলবে।http://bonikbarta.net

অবহেলায় বিলুপ্তির পথে পাহাড়ের তাঁতশিল্প

পাহাড়ি তাঁতিদের হাতে বোনা বাহারি পোশাক এখনো মানুষ আগ্রহ নিয়ে কেনে। কিন্তু তাঁতিদের পৃষ্ঠপোষকতা ও পরিকল্পিত বিপণন ব্যবস্থার অভাবে ক্রমেই হারিয়ে যাচ্ছে এ ঐতিহ্য। ১৮ বছর আগে তাঁত বোর্ড বান্দরবানে কার্যক্রম শুরু করলেও তাঁতিদের জন্য উল্লেখযোগ্য কোনো কাজ করেনি। তাদের প্রতি নজর দেয়নি বিসিক শিল্পপল্লীও।১৯৯৯ সালে বান্দরবান জেলায় তাঁতিদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি, মূলধন জোগান, গুণগত মানসম্পন্ন তাঁতবস্ত্র উৎপাদন এবং বাজারজাতে সহযোগিতার মাধ্যমে তাঁতিদের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম শুরু করে বাংলাদেশ তাঁত বোর্ড।http://bonikbarta.net

হিলিতে আমদানি রফতানি বন্ধ

ভারতের হিলি এক্সপোর্টার্স অ্যান্ড কাস্টমস ক্লিয়ারিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতির মৃত্যুতে দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি গতকাল বন্ধ ছিল। তবে এদিন বন্দরের অভ্যন্তরীণ সব কার্যক্রম চলেছে। আজ আবার আমদানি-রফতানি শুরু হবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।ভারতীয় সিঅ্যান্ডএফ এজেন্ট খোকন সরকার জানিয়েছেন, হিলি এক্সপোর্টার্স অ্যান্ড কাস্টমস ক্লিয়ারিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি ভবতোষ মজুমদারের মৃত্যুতে তার আত্মার প্রতি শ্রদ্ধা জানাতে অ্যাসোসিয়েশন রোববার বন্দর দিয়ে রফতানি বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়।http://bonikbarta.net

বাণিজ্য বিবাদে যুক্তরাষ্ট্র-চীনের ৯০ দিনের 'যুদ্ধবিরতি'

বিশ্বের বৃহত্তম দুই অর্থনীতি যুক্তরাষ্ট্র ও চীন তাদের মধ্যে চলমান তিক্ত বাণিজ্যযুদ্ধ ৯০ দিনের জন্য স্থগিত রাখতে সম্মত হয়েছে। এ সময়ের মধ্যে দেশ দুটি নতুন করে কোনো শুল্ক আরোপ করবে না। এছাড়া জানুয়ারি থেকে চীনের আরো কিছু পণ্যে শুল্ক বৃদ্ধির পরিকল্পনা থেকেও সাময়িকভাবে সরে এসেছে যুক্তরাষ্ট্র। আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে আয়োজিত জি২০ সম্মেলনের শেষ দিনের নৈশভোজে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এ ঐকমত্যে পৌঁছান। http://bonikbarta.net

ভারতে তুলার হেক্টরপ্রতি উৎপাদন নেমে আসবে ৫০১ কেজিতে

তীব্র খরার মুখে পড়েছে ভারতের মহারাষ্ট্র, গুজরাটসহ আশপাশের রাজ্যগুলো। তুলনামূলক কম বৃষ্টিপাত ও বাড়তি তাপমাত্রায় এসব রাজ্যে তুলা উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। এর জের ধরে ২০১৮-১৯ মৌসুমে ভারতে তুলার হেক্টরপ্রতি উৎপাদন তিন বছরের মধ্যে সর্বনিম্ন অবস্থানে নেমে আসতে পারে। ফলে প্রতিকূল আবহাওয়ায় উৎপাদন ব্যাহত হওয়ার জের ধরে ভারতের বাজারে বেড়ে যেতে পারে পণ্যটির দাম। দেশটির কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রণালয়ের আওতাধীন টেক্সটাইল কমিশনের কটন অ্যাডভাইজরি বোর্ডের (সিএবি) সাম্প্রতিক প্রতিবেদনে এ সম্ভাবনার কথা উঠে এসেছে। খবর বিজনেস স্ট্যান্ডার্ড।http://bonikbarta.net